তারিখ: 26 OCT 2015
পৃষ্ঠা: ১৭ কলাম: ২

যুগান্তর

# প্রশিক্ষণ নিয়ে স্কাউট সদস্যরা মানুষের পাশে দাঁড়াতে দৃঢ়প্রতিজ্ঞ

রায়হানুল ইসলাম আকন্দ, *শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি*

যৌন হয়রানি প্রতিহত করতে নিজের মধ্যে মানসিক শক্তি সঞ্চয় করা, জনসম্মুখে নিজেকে উর্পস্থাপন করা, স্মৃতি থেকে গুছিয়ে কথা বলা সর্বোপরি অন্যদের থেকে নিজেকে ব্যতিক্রম হিসেবে প্রতিষ্ঠা করার শিক্ষা নিয়ে স্কাউট প্রশিক্ষণ সমাপ্ত করেছি। পাঁচ দিনব্যাপী স্কাউট প্রশিক্ষণের শেষ দিনে সাংবাদিকদের এসব কথা শোনান মুনা বিনতে মোস্তফা। ২৪ অক্টোবর রাতে শ্রীপুর উপজেলা স্কাউট সমাবেশের সমাপনী উৎসব চলছিল। ২০ অক্টোবর থেকে এ সমাবেশ শুরু হয়। সে শ্রীপুর পাইলট উচ্চ বিদ্যালয় থেকে এ সমাবেশে অংশগ্রহণ করে।

শ্রীপুর উপজেলা স্কাউটের সাধারণ সম্পাদক ও গাজীপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক তফির উদ্দিন বলেন, পাঁচ দিনব্যাপী স্কাউট সমাবেশে উপজেলার ১৭টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। গড়ে প্রতিটি বিদ্যালয় থেকে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণী পড়ুয়া ১৫ জন শিক্ষার্থী অংশ নেয়। শ্রীপুর পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে পদ্মা, মেঘনা এবং যমুনা নামে তিনটি ভাগে মোট ১৯টি তাঁবু শিক্ষার্থীরা নিজেরাই তৈরি করে তাতে রাত্রিযাপন করে।

তেলিহাটী উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী আফসানা জয়া জানায়, বাল্যবিয়ে ঠেকাতে এখন তারা নিজেরাই সমৃদ্ধ। বাল্যবিয়ের খবর পেলেই যথাসময়ে তার প্রতিষ্ঠানের স্কাউট লিডারকে জানিয়ে দেবে। পরে সহপাঠী ও গ্রামবাসীদের সঙ্গে নিয়ে ওই বিয়ে বন্ধ করবে। মর্জিনা আক্তার বীথি জানায়, এখন থেকে তাদের সামনে কোনো বখাটে আর নারীদের উত্ত্যক্ত করতে পারবে না। যখনই উত্ত্যক্তের খবর সেখানেই প্রতিরোধ গড়ে তুলবে তারা। এজন্য এখন থেকে তারা যোগ্য।

গাজীপুর উচ্চ বিদ্যালয়ের রাজু আহমেদ অনীক ও জাহিদুল ইসলাম মেরাজ জানায়, আমাদের সামনে কোনো বৃদ্ধ বা শিশু রাস্তা পারাপারের জন্য অপেক্ষা করে দাঁড়িয়ে থাকতে হবে না। এ দৃশ্য চোখে পড়লে বা কেউ এরকম সহযোগিতা চাইলে আমরা রাস্তা পারাপারে তাকে সাহায্য করব। এ আয়োজনের উদ্দেশে শ্রীপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোস্তাফিজুর রহমান বলেন, প্রত্যেকের জীবনে স্কাউট প্রশিক্ষণ বিশেষ গুরুত্বপূর্ণ। এ প্রশিক্ষণ একটা মানুষের জীবনকে সমৃদ্ধ করে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।